

U.G. 4th Semester Examination - 2021**BENGALI****Course Code : BBNGCCHT403****Course Title : বাংলা উপন্যাস ও ছোট গল্প**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) 'তোমার দোসরা খবর কি বল্।'— 'দোসরা খবর' টি লেখো।
- খ) 'মবারকের বখশিশের কথাটা এই সময়ে মহারাজাকে স্মরণ করিয়া দিতে হয়।' — মবারক কী বখশিশ চেয়েছিলেন?
- গ) রবীন্দ্রনাথ ঠাকুর 'রাজসিংহ' উপন্যাসটি সম্পর্কে যে ইতিহাসের রসের কথা বলেছেন, তা কোথায় লিখেছেন?
- ঘ) 'শুনিয়া প্রথমে নির্মলের বোধ হইল, যেন বুকের উপর পাহাড় ভাঙ্গিয়া পড়িল।' — কেন নির্মলের এরকম বোধ হয়েছিল?
- ঙ) এলার বাবার কোন্ বিষয়ে বিলিতি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ছিল?
- চ) 'চার অধ্যায়' উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় থাকার সময় রচনা করেন?

- ছ) 'চার অধ্যায়' এর প্রথম সংস্করণ কবে প্রকাশিত হয়?
- জ) নোটন দাস কবিরাজ কত টাকা দক্ষিণা নিয়ে গ্রামের বাইরে দশ ক্রেণশ দূরে গাওনা করতে গিয়েছিল?
- ঝ) রাজালাল বায়েনকে তার 'কাঁসিটা' কে কোথা থেকে কিনে দিয়েছিল?
- ঞ) নিতাইয়ের মা কিসের লোভে জামাইয়ের বাড়িতে থাকত?
- ট) ফুলবানুর বাবার নাম লেখো।
- ঠ) 'রতনের আনন্দ আর ধরে না' — রতনের আনন্দের কারণ কী?
- ড) 'মরণকালে তাকে সে শুধু একটু পায়ের ধুলা দিতে গিয়া কাঁদিয়া ফেলিল।'—কেন 'কাঁদিয়া ফেলিল'?
- ঢ) স্টিফান হোরো এই নামটি পরিত্যাগ করে কোন্ নাম সে গ্রহণ করেছিল?
- ণ) 'ও বেচারা বৃষ্টি থামতেই ফিরে এসে তোমার খবর দিয়েছে।' — কার খবর দিয়েছে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'রাজসিংহ' উপন্যাসের মোট কতগুলি সংস্করণ হয়েছিল? প্রথম সংস্করণ কত সালে প্রকাশিত হয়েছিল?
- খ) 'এই নাগরেরা, যাও চলে যাও তোমরা।' — কে, কখন বলেছে এই কথা?
- গ) নির্মলা ও ললিতার প্রিয়জন কারা ছিল?

- ঘ) 'তুমি সমাজের নও, তুমি দেশের।' —ইন্দ্রনাথ এই কথার মধ্যে দিয়ে কাকে কোন্ কাজের প্রতি দায়বদ্ধ করতে চেয়েছেন?
- ঙ) 'আমি জিগাই মারামারি কইরা হইব কী।' — মারামারির কারণ লেখো।
- চ) 'অভাগীর স্বর্গ' গল্পে কার স্ত্রী সাতদিনের জ্বরে মারা গেলেন? তাঁর ক'টি ছেলে ছিল?
- ছ) ভিক্ষু ভিক্ষা করে কী কী সংগ্রহ করেছিল?
- জ) 'টোপ' গল্পে রাজাবাহাদুরের চায়ের আয়োজনটি কীরকম ছিল?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) 'জীবন এত ছোট কেনে?' — প্রাসঙ্গিক উপন্যাসটি অবলম্বনে মন্তব্যটির সার্থকতা সংক্ষেপে আলোচনা করো।
- খ) 'রস' গল্পের নামকরণের তাৎপর্য আলোচনা করো।
- গ) 'প্রাগৈতিহাসিক' গল্পে প্রাগৈতিহাসিক বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন - তোমার মতামত লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

- ক) 'রাজসিংহ' উপন্যাসে উপকাহিনির গুরুত্ব আলোচনা করো।
- খ) 'চার অধ্যায়' অবলম্বন করে এলা চরিত্রটি বিশ্লেষণ করো।
- গ) 'অভাগীর স্বর্গ' গল্পে সমকালের সমাজ জীবনের যে চিত্র রয়েছে তা আলোচনা করো।